ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৮২

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'রক্ত পরীক্ষা না করেই টাইফয়েড নির্ণয়-ক্ষোভ' শিরোনামে ৫ অক্টোবর, ২০২৫ তারিখে 'আজকের ফরিয়াদ' পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের এমওআইসি এক স্পষ্টিকরণ দিয়ে জানিয়েছেন যে, ৩ অক্টোবর, ২০২৫ তারিখ সন্ধ্যা ৭.৩৫ টা নাগাদ চড়িলামের বাসিন্দা মিনার হুসেন (৩৮ বছর) জ্বর, সর্দি, গলা ব্যাথা ও কাশি, দুর্বলতা, মাথা ব্যথা ইত্যাদি সমস্যা নিয়ে বিশ্রামগঞ্জ হাসপাতালের ইমারজেন্সি ওয়ার্ডে আসেন। তার স্বাস্থ্য পরীক্ষা করে কর্তব্যরত চিকিৎসক ডা. পূজা দেব তাকে ভর্তি হওয়ার পরামর্শ দেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা করা হয় তার চিকিৎসার জন্য। রোগীর পরিজনদের তারপরদিন সকালে হাসপাতালের ল্যাবরটরিতে রক্ত পরীক্ষা করানোর পরামর্শ দেওয়া হয়। তাদের কাছে পিএমজেএওয়াই কার্ড ছিলনা বলে পরেরদিন তাদের কার্ড নিয়ে আসতে বলা হয়। কয়েক ঘন্টা পরে আরও কিছু রোগী আসেন। আলি হুসেন নামে আর একজন রোগীর সাথে নাম-এর বিভ্রান্তি দেখা দিলেও পরে ডা. পূজা দেব মিনার হুসেন সম্পর্কে পরিস্কারভাবে সবকিছু বুঝিয়ে দেন। পরদিন সকালে পিএমজেএওয়াই প্রকল্পে রোগীর টেস্ট করা হয় হাসপাতালের ল্যাবরটরিতেই। পরীক্ষা করে অ্যাকিউট ফেব্রাইল ধরা পরে। সেই অনুসারে রোগীর চিকিৎসা করা হয় এবং ৬ অক্টোবর, ২০২৫ তারিখ রোগী সুস্থ হয়ে বাড়ি চলে যায়। রিপোর্ট ছাড়া টাইফয়েড-এর চিকিৎসা করার সংবাদটি সম্পূর্ণ ভূল ও ভিত্তিহীন। রোগী ও তার পরিজন বিশ্রামগঞ্জ হাসপাতালের চিকিৎসায় সন্তুষ্ট হয়েই বাড়ি চলে যান।

*******